

Handwritten notes in Bengali: "স্বাক্ষর: রেজিস্ট্রার", "স্বাক্ষর: রেজিস্ট্রার", "২৬/৬/২০২৪".

রেজিস্ট্রারের কার্যালয়  
Office of the Registrar



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
BANGLADESH OPEN UNIVERSITY

নং-বাউবি/ট্রেনিং-৬/AAOU/৯৩ (পার্ট -১)/৩২০৭

তারিখঃ ১১ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ  
২৫ জুন ২০২৪ খ্রিষ্টাব্দ

### নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, Asian Association of Open Universities (AAOU) এর সহযোগিতায় ইন্দোনেশিয়ার Universitas Terbuka তে AAOU Member Institutions এর স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রি প্রোগ্রামের শিক্ষার্থীদের জন্য ইন্দোনেশিয়ার জাকার্তা ও বালিতে একটি International Summer Camp Programme 2024 অনুষ্ঠিত হবে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) AAOU এর সদস্য হওয়ায় এ প্রোগ্রামে অংশগ্রহণের জন্য বাউবি'র বিভিন্ন স্কুলের স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রি প্রোগ্রামের শিক্ষার্থীদের মধ্য থেকে নিম্নবর্ণিত শর্ত মোতাবেক যোগ্য আগ্রহী প্রার্থীদের আগামী ০৩-০৭-২০২৪ তারিখের মধ্যে সাদা কাগজে আবেদন (এক কপি ছবি ও জীবন-কৃতান্তসহ) ই-মেইল (E-mail: registrar@bou.ac.bd)/ ডাকযোগে/ কুরিয়ার সার্ভিসে/ সরাসরি বাউবি'র রেজিস্ট্রার বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

#### শর্তাবলীঃ

- প্রার্থীকে বাউবি'র কোনো স্কুলের স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রি প্রোগ্রামের শিক্ষার্থী হতে হবে;
- শিক্ষার্থীর বয়সের কোনো সীমাবদ্ধতা থাকবে না;
- প্রার্থীকে ইংরেজিতে পারদর্শী হতে হবে এবং তথ্য প্রযুক্তি বিষয়ে জানসহ LMS & Webinar এ দক্ষ হতে হবে;
- এ প্রোগ্রামের phase-1 এ মনোনীত প্রার্থীদের প্রাথমিকভাবে ২ সপ্তাহের জন্য LMS & Webinar এর মাধ্যমে অনলাইনে এবং phase-2 তে phase-1 এ অংশগ্রহণকারীর মধ্য হতে মনোনীত ১০জন প্রার্থী ইন্দোনেশিয়ার জাকার্তা ও বালিতে ১৫ দিনব্যাপী প্রশিক্ষণে অংশগ্রহণ করবেন;
- বর্ণিত International Summer Camp Programme 2024 এ অংশগ্রহণের জন্য আয়োজনকারী সংস্থা কর্তৃক প্রার্থীদের জাকার্তা ও বালিতে থাকা-খাওয়ারসহ স্থানীয় আতিথেয়তা প্রদান করা হবে এবং জাকার্তা থেকে বালি যাতায়াতের ব্যয় আয়োজনকারী সংস্থা বহন করবে, তবে বাংলাদেশ থেকে জাকার্তা এবং বালি থেকে বাংলাদেশ যাতায়াতের জন্য বিমানভাড়া বাবদ যাবতীয় ব্যয় শিক্ষার্থীকে বহন করতে হবে।

Handwritten signature: "DSA. [Signature] 26.6.2024".

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

Handwritten signature: "[Signature] 26/6/2024".  
ড. মহা. শফিকুল আলম  
রেজিস্ট্রার

#### বিতরণঃ

- ডিন (স্কুল অব এডুকেশন/ওপেন স্কুল/স্কুল অব বিজনেস/সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল/স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজি/কৃষি ও পল্লী উন্নয়ন স্কুল), বাউবি, গাজীপুর। নোটিশটি আপনার স্কুলের স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রি প্রোগ্রামের শিক্ষার্থীদের মধ্যে প্রচারের জন্য অনুরোধ করা হলো ;
- পরিচালক, স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ, বাউবি, গাজীপুর। নোটিশটি আঞ্চলিক কেন্দ্রাধীন বাউবি'র বিভিন্ন স্কুলের স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রি প্রোগ্রামের শিক্ষার্থীদের মধ্যে প্রচারের জন্য অনুরোধ করা হলো ;
- আঞ্চলিক পরিচালক (সকল), ----- বাউবি। নোটিশটি আঞ্চলিক কেন্দ্রাধীন বাউবি'র বিভিন্ন স্কুলের স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রি প্রোগ্রামের শিক্ষার্থীদের মধ্যে প্রচারের জন্য অনুরোধ করা হলো ;
- পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি [নোটিশটি বাউবি'র স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রি প্রোগ্রামের শিক্ষার্থীদের মধ্যে প্রচারের নিমিত্তে ফেসবুক ও বাউবি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ করা হলো];

অনুলিপিঃ